

প্রেস বিজ্ঞপ্তি

২৫ মার্চ ২০২৪

ম্যানচেস্টারস্থ বাংলাদেশ সহকারী হাই-কমিশনে 'গণহত্যা দিবস' পালিত

ম্যানচেস্টারস্থ বাংলাদেশ সহকারী হাই-কমিশনে যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে 'গণহত্যা দিবস' পালন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই জাতির পিতা ও তার পরিবারের শহীদ সদস্যদের, ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে ও মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী ও গণহত্যা দিবসের উপর একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। এরপর, গণহত্যা দিবসের উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

সহকারী হাই-কমিশনার কাজী জিয়াউল হাসান তার বক্তব্যে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন, যার বলিষ্ঠ নেতৃত্বে বাঙ্গালী জাতি স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করে। তিনি ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে নির্মম হত্যাকাণ্ডের শিকার সকল শহীদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। সহকারী হাই-কমিশনার গণহত্যা দিবসের পটভূমি উপর আলোচনা করেন এবং বাংলাদেশে সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির অর্জনে বাংলাদেশ সরকারের নিরলস প্রচেষ্টার সঙ্গে প্রবাসী বাংলাদেশীদের সংযুক্তির বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন যে, গণহত্যার স্বীকৃতি আদায়ে আন্তর্জাতিক জনমত সৃষ্টিকল্পে প্রবাসী বাংলাদেশীদের উল্লেখযোগ্য ভূমিকা রাখার অবকাশ রয়েছে। তিনি ২৫ মার্চের গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সহকারী হাই-কমিশনের প্রচেষ্টা তুলে ধরেন। ২৫ মার্চের গণহত্যার শোককে শক্তিতে রূপান্তরিত করে, মুক্তিযুদ্ধের চেতনায় উদ্ধুদ্ধ হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

সর্বশেষ জাতির পিতা ও তার পরিবারের শহীদ সদস্যদের, ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে ও মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়।

